দৈনিক
আমাদের সময়

তারিখ 23 AUG 2016
পৃষ্ঠা ১৬ কলাম ২

# চবিতে ভর্তির আবেদন শুরু ১ সেপ্টেম্বর

চবি প্রতিনিধি •

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) প্রথম বর্ষে ভর্তির আবেদনের তারিখ ঘোষণা করেছে প্রশাসন। আগামী ১ সেপ্টেম্বর থেকে আবেদন প্রক্রিয়া শুরু হয়ে চলবে ২৫ সেপ্টেম্বর পর্যন্ত। ভর্তিচ্ছুরা টেলিটক মোবাইল অপারেটরের মাধ্যমে আবেদন করতে পারবেন। আবেদন প্রক্রিয়া শেষে ভর্তি পরীক্ষা শুরু হবে ২৩ অক্টোবর।

জানা গেছে, ভর্তি আবেদনের যোগ্যতায় কিছু পরিবর্তন আনবে প্রশাসন। সব ইউনিটের গত বছরের যোগ্যতার চেয়ে এবার হয়তো কিছু জিপিএ বাড়ানো হবে। তবে ভর্তি পরীক্ষায় আবেদনের ফি ৪৭৫ টাকা অপরিবর্তিত রয়েছে। তা ছাড়া বেশ কিছু বিভাগে আসন সংখ্যা বাড়ানো হবে বলেও জানা গেছে।

গতকাল সকালে ভর্তি পরীক্ষা কমিটির সভা শেষে সদস্য সচিব ও ডেপুটি রেজিস্ট্রার এসএম আকরব হোছাইন বিষয়টি নিশ্চিত করেছেন। ভর্তি পরীক্ষা সম্পর্কিত সব তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.cu.ac.bd) পাওয়া যাবে বলেও জানান তিনি।